# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৯২. সলাতুল ইস্তিস্কা আদায়ে কী কী নিয়ম-কানুন মেনে চলা উচিত?

(১) জরাজীর্ণ পুরনো অথচ পরিচ্ছন্ন ও পবিত্র পোশাক পরিধান করে কোন একটা মাঠে গিয়ে জড়ো হবে, (২) অত্যন্ত বিনয় নম্রতার সাথে মাঠে যাবে, (৩) ইমামের জন্য একটি মিম্বর নিয়ে যাওয়া ভালো, (৪) এ সালাতের কোন নির্ধারিত সময় নেই, নিষিদ্ধ সময় ছাড়া যেকোন সময় বৃষ্টির সালাত আদায় করা যায়। তবে উত্তম হলো ঈদের সালাতের মতো সকালে সূর্যোদয়ের একটু পরপরই পড়া, (৫) শিশু ও নারীদেরকেও এ সালাতে নিয়ে যাওয়া, তবে বৃদ্ধদের উপস্থিতি আরো উত্তম, (৬) বৃষ্টির সালাতে কোন আযান ও ইকামত নাই, (৭) এ সালাত দু'রাকআত এবং (৮) তিলাওয়াত করবে সশব্দে, (৯) দু'আর সময় ইমাম সাহেব মুসল্লীদের দিকে পিঠ দিয়ে কিবলামুখী হয়ে প্রার্থনা করবে, (১০) দু'আর সময় হাত যতখানী সম্ভব উপরে উঠিয়ে দুআ করবে, রাসূল (স) যখন হাত উঠিয়ে দু'আ করতেন তখন তার দুই বোগল পর্যন্ত নজরে আসত। দু'হাতের পিঠ উপরে এবং তালু নিচের দিকে দিয়ে দু'আ করবে, (১১) সে সময় গায়ের চাদর বা রুমান উল্টিয়ে পরবে, (১২) ঈদের সালাতের মতো প্রথম রাকআতে তাকবীরে তাহরীমা পর অতিরিক্ত সাত তাকবীর এবং দ্বিতীয় রাকআতে তাকবীরে তাহরীমা দিয়ে ওঠে দাঁড়ানোর পর অতিরিক্ত আরো পাঁচ তাকবীর দেওয়ার বিধানও রয়েছে। (শরহেস্ সুন্নাহ লিলবাগাউয়ী-৪/৪০২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12978

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন